

সারাদেশ

ঝালকাঠিতে দুই এমপির উপস্থিতিতে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত



প্রতিবেদক: ঝালকাঠি প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ০৯ অক্টোবর ২০২৬, ০৭:৪০ PM



ঝালকাঠি সদর উপজেলার বিনয়কাঠি ইউনিয়নের সুগন্ধিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে আন্তঃইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (৯ অক্টোবর) বিকেলে স্থানীয় ফাইভস্টার ক্লাবের আয়োজনে খেলার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝালকাঠি-১ আসনের সংসদ সদস্য ও ধর্মবিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি রফিকুল ইসলাম জামাল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝালকাঠি-২ আসনের সংসদ সদস্য ইসরাত সুলতানা ইলেন ভূট্টো, বিএনপি কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক মাহাবুবুল হক নান্নু, ঝালকাঠি জেলা বিএনপির সাবেক উপদেষ্টা গোলাম মোস্তফা ছালু। আবদুল হালিম খানের সভাপতিত্বে অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বিনয়কাঠি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও জেলা বিএনপির সদস্য সরদার এনামুল হক এলিন।

অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন নলছিটি উপজেলা বিএনপির সভাপতি আনিসুর রহমান হেলাল, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম-আহ্বায়ক রবিউল ইসলাম তুহিন, ঝালকাঠি প্রেসক্লাবের সভাপতি ও নারী-শিশু অপরাধ দমন ট্রাইবুনালের পিপি এডভোকেট আককাস সিকদার প্রমুখ।

ফাইনাল ম্যাচকে কেন্দ্র করে খেলোয়াড় ও দর্শকদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যায়। মাঠের চারিপাশ ও আশপাশের ভবনে দর্শকদের উপছে পড়া উপস্থিতি ছিলো। খেলায় ১ নম্বর ওয়ার্ড ফাস্ট ট্রাক দলকে ০-২ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয় কিংস অব দরগাবাড়ি দল। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এ খেলায় দুই দলের খেলোয়াড়রা নিজেদের সেরা নৈপুণ্য প্রদর্শন করেন। খেলা শেষে বিজয়ী ও রানার্সআপ দলের খেলোয়াড়দের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। মাসব্যাপী এ টুর্নামেন্টে মোট ১৬টি দল অংশগ্রহণ করে।

প্রধান অতিথি ও সংসদ সদস্য রফিকুল ইসলাম জামাল বলেন, এ ধরনের ক্রীড়া আয়োজন যুবসমাজকে মাদক ও অপরাধ থেকে দূরে রেখে শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। পাশাপাশি পারস্পরিক সম্প্রীতি, ভ্রাতৃত্ববোধ ও সামাজিক বন্ধন সুদৃঢ় করতে সহায়তা করে।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়ায় অসহায় মানুষের জন্য ছানী রোগী বাছাই ক্যাম্প
ভাচ বাংলা ব্যাংক এর অর্থায়নে ও স্বাধীন বাংলা চাকু হাসপাতালের সার্বিক ব্যবস্থাপনায় অক্সাইল - পাকিস্তান ইউনিয়ন সংঘ এর উদ্যোগে একদিনের জন্য ছানী...



লক্ষণশ্রী ইউপির চেয়ারম্যান পদে প্রার্থী হতে চান মুফতি ত্বাহা
আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সামনে রেখে সুনামগঞ্জ সদর উপজেলার ৭ নম্বর লক্ষণশ্রী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে সম্ভাব্য প্রার্থী হিসেবে আলোচনা...



কুমিল্লায় স্কুলছাত্রীকে ধর্ষণের পর হত্যার অভিযোগ, চালক গ্রেপ্তার
কুমিল্লা নগরীর রেসকোর্স এলাকার সন্তম শ্রেণির শিক্ষার্থী জাম্মাতুল ভাঙ্গমিনকে সিএনজিচালিত অটোরিকশায় তুলে নির্জন স্থানে নিয়ে ধর্ষণের পর স্থানসরোধ...



ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের পিকআপ ভ্যান খাদে পড়ে আসামিসহ আহত ৫
ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে নিয়ন্ত্রণ হারিয়ে পুলিশের একটি পিকআপ ভ্যান খাদে পড়ে তিন পুলিশ সদস্য ও দুই আসামিসহ পাঁচজন আহত হয়েছেন। শুক্রবার (৯ অক্টোবর)...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/jhalkathite-dui-empir-upsthitite-futbl-turnamenter-fainal-khela-onushthit>